

আওয়ামী লীগ নেতা আবদুস সামাদ আজাদ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ক্যাম্পাস পরিস্থিতি থমথমে
রাষ্ট্রপতির সফর বাতিল

ময়মনসিংহ থেকে নিয়মিত বার্তা পরিবেশক : গতকাল বুধবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক ছিল না। তবে হিসেবভিত্তিক কোন ঘটনা ঘটেনি। সরকারি সূত্রের খবর প্রচারিত হওয়ার পরও ছাত্র-শিক্ষকরা বিভিন্ন কর্মসূচি পালন করেন। ঢাকার সাথে ময়মনসিংহে, ছামালপুরসহ উত্তরবঙ্গের প্রায় ১৯ স্ট্রীট রেল যোগাযোগ বন্ধ থাকার পর বুধবার রাত ৪টা থেকে ট্রেন চলাচল স্বাভাবিক ছিল। ২০শে জানুয়ারি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতি আসার কর্মসূচি বাতিল করা হয়েছে। ৯ সদস্যবিশিষ্ট ক্ষতি নিরূপণ করার জন্য কমিটি গঠন করা হয়েছে।

সরকারি সূত্রের খবর প্রচারিত হওয়ার পর বুধবার সকালে ছাত্রদল ক্যাম্পাসে একটি আনন্দ মিছিল বের করে। অন্যদিকে কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। বিশ্ববিদ্যালয়ের অচল অবস্থার কোন নিরসন হয়নি। ফলে বুধবার কোন ক্লাশ বা পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে এখনো ক্ষোভ বিরাজ করছে। কৃষি বিশ্ববিদ্যালয়ে পুলিশের নয়া হামলা ও ছাত্র-শিক্ষকের ওপর গুলিবর্ষণ করার প্রতিবাদে শিক্ষকরা এক মৌন মিছিল বের করেন। ছাত্র শিক্ষক ও কর্মচারীরা কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক

কৃষি : বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

কালো ব্যাজ ধারণ করেছেন। এছাড়া মঙ্গলবার গভীর রাতে কৃষি বিশ্ববিদ্যালয়ে সিডিকেটের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য প্রফেসর মুস্তাফিজুর রহমান। সভায় মঙ্গলবার কৃষি বিশ্ববিদ্যালয়ে পুলিশ কর্তৃক যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটানো হয়েছে তার জন্য দুঃখ প্রকাশ করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ক্ষতি নিরূপণ করার জন্য একটি কমিটি গঠন, আহত শিক্ষক-ছাত্রদের সূচিকিসেসা ও চিকিৎসার খরচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করার সিদ্ধান্ত নেয়া হয়। সিডিকেটের সদস্যগণ আহতদের দেখতে হাসপাতালে যান ও চিকিৎসার খোঁজ-খবর নেন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরা জানিয়েছেন, মন্ত্রিপরিষদের সিদ্ধান্তের ব্যাপারে যে বিজ্ঞপ্তি ছড়ানো হয়েছে সেই শর্তাধীন মঙ্গলবার বাংলাদেশ টেলিভিশনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও শান্তি প্রদানের দাবি জানানো হয়েছে।

এদিকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে গুলিবিদ্ধ আহত ৩৩ জনের মধ্যে ১২ জনের দেহে অস্ত্রোপ্রচার করা হয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিষদ বিনা উত্থানিতে শিক্ষক ও ছাত্রদের ওপর পুলিশের গুলিবর্ষণকে নিন্দা জানিয়েছে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এক দায়িত্বশীল কর্মকর্তা জানিয়েছে, ২০শে জানুয়ারি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতি আসার যে কর্মসূচি ছিল তা বাতিল করা হয়েছে।

এদিকে বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখা, ছাত্র ইউনিয়ন ও জেলা নাগরিক আন্দোলন ঘটনার নিন্দা জানিয়েছে।

৩ দিনের মধ্যে প্রেসনোট
না দিলে হরতাল

বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে আগামী ৭২ ঘণ্টার মধ্যে সরকারের কাছ থেকে একটি প্রেসনোট প্রদানের দাবি জানিয়েছেন। অন্যথায় ময়মনসিংহে ৩ দিনের হরতালের কর্মসূচি প্রদান করা হবে বলে ঘোষণা দেন।